

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭৬৩

২. ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিণী)

## আরবী

## বাংলা

৭৬৩(২). ইয়াহইয়া ইবনে মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ফাতেমা বিনতে আবু হুবায়েশ (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, ইয়া রাসূলাল্লাহু! আমি একজন ইস্তিহাযার (রক্তপ্রদরের) রোগিনী, কখনও পাক হই না। আমি কি নামায ছেড়ে দিবো? তিনি বলেনঃ না, এটা একটা শিরারই রক্ত, হায়েয নয়। যখন তোমার হায়েয শুরু হবে তখন নামায ছেড়ে দিবে। যখন হায়েযের সময়সীমা শেষ হবে তখন তোমার শরীর থেকে রক্ত ধুয়ে ফেলবে, তারপর গোসল করবে। এটা আবু মুআবিয়া কর্তৃক বর্ণিত হাদীস।

ইয়াহইয়া ও আবু উসামা (রহঃ)-এর বর্ণনায় আছে, আমি কি নামায ছেড়ে দিবো? তিনি বলেন, এটা হায়েয নয়, এটা একটা শিরারই রক্ত। যখন তোমার হায়েয শুরু হবে তখন তুমি নামায ছেড়ে দিবে। যখন হায়েযের



সময়সীমা শেষ হবে তখন তুমি গোসল করবে এবং নামায পড়বে। ইয়াহ্ইয়া (রহঃ)-এর বর্ণনায় আছে, হায়েযের সময়সীমা শেষ হলে তোমার শরীর থেকে রক্ত ধুয়ে ফেলবে এবং নামায পড়বে। আবু মুআবিয়া আরো বর্ণনা করেন, হিশাম (রহঃ) বলেছেন, আমার পিতা বলেছেন, তুমি (হায়েযের মুদ্দত শেষ হওয়ার পর) প্রত্যেক নামাযের জন্য উযু করবে পরবর্তী (হায়েযের) মেয়াদ শুরু না হওয়া পর্যন্ত।

## হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন